



ই নথিতে জারীকৃত
সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা
www.debidwar.comilla.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৯.১৯.৬৬৬

তারিখ: ১১ পৌষ ১৪২৬

২৬ ডিসেম্বর ২০১৯

বিষয়: মুক্তিযোদ্ধা মৃত হাজী রমিজ উদ্দিন আহমেদ অনুকূলে সম্মানি ভাতা বরাদ্দের তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্র: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৯.১৯.৬৪০ ০৩ ডিসেম্বর ২০১৯

১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১৯ তারিখঃ ০৯/১২/২০১৯খ্রিঃ।

২। জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং- ১৪৩২ (২) তারিখঃ ২৩/১২/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীর মুক্তিযোদ্ধা জনাব মৃত হাজী রমিজ উদ্দিন আহমেদ, পিতা- মৃত হাজী আমিন উদ্দিন ভূইয়া, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার বাবুটিপাড়া গ্রামে বসবাস করতেন। পরবর্তীতে তিনি চান্দিনা উপজেলার হাজী সাহেবের মোড় এলাকায় বসবাস শুরু করেন। বীর মুক্তিযোদ্ধা জনাব হাজী রমিজ উদ্দিন আহমেদ এর মৃত্যুর পর তাঁর পুত্র জনাব হাবিব রইছ উদ্দিন আহমেদ ২০০৩ সাল থেকে দেবিদ্বার উপজেলার মাশিকাদা গ্রামে স্থায়ী ভাবে বসবাস শুরু করেন।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মুজিবনগর গেজেট নং- ৪৩১, পৃষ্ঠা নং- ১১৪৫, তারিখঃ ১১/০৩/২০০৪ এ বীর মুক্তিযোদ্ধা জনাব মৃত হাজী রমিজ উদ্দিন আহমেদ এর গ্রামের নাম চান্দিনা, দেবিদ্বার উল্লেখ রয়েছে (কপি সংযুক্ত)। বাস্তবে দেবিদ্বার উপজেলায় চান্দিনা, দেবিদ্বার নামে কোন গ্রাম নেই। চান্দিনা ও দেবিদ্বার দুটি পৃথক উপজেলা বটে। মুজিবনগর গেজেটে জনাব হাজী রমিজ উদ্দিন আহমেদ এর ঠিকানা বিভ্রাটের কারণে তাকে/তাহার পরিবারকে মুক্তিযোদ্ধা ভাতার আওতাভুক্ত করা যায়নি। অত্র অফিসের স্মারক নং- ৬৪০ তারিখঃ ০৩/১২/২০১৯খ্রিঃ মূলে এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা চেয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলেও অদ্য পর্যন্ত কোন সুস্পষ্ট নির্দেশনা পাওয়া যায়নি।

তাছাড়া বীর মুক্তিযোদ্ধা জনাব মৃত হাজী রমিজ উদ্দিন আহমেদ এর উত্তরাধিকারীগণ কখনো মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির জন্য এ উপজেলায় কোন আবেদন করেন নি। যার প্রেক্ষিতে বর্ণিত ব্যক্তি/ তার উত্তরাধিকারীগণ মুক্তিযোদ্ধা ভাতার আওতাভুক্ত করা যায়নি।

এমতাবস্থায়, উপরিউক্ত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
সংযুক্তিঃ বর্ণনামতে ২ ফর্দ।

২৬-১২-২০১৯

রাকিব হাসান

উপজেলা নির্বাহী অফিসার

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা

দৃষ্টি আকর্ষণঃ সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা

